গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, আগারগাঁও, ঢাকা
[ভ্যাট বাস্তবায়ন ও আইটি অনুবিভাগ]

## সভার কার্যবিবরণী

নথি নং-০৮.০১.০০০০.০৭৬.১৬.০০৬.২০২০(অংশ-১)/৪১৫ তারিখ: ০৪/১১/২০২৫ খ্রি.

**বিষয়: ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০২৫ উদযাপন উপলক্ষে গঠিত কেন্দ্রীয় স্টিয়ারিং কমিটির সভার কার্যবিবরণী।**

সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা
ডায়েরী নং...
তারিখ: 07/11/25

| | |
|---|---|
| সভার স্থান | : সম্মেলন কক্ষ (কক্ষ নং-৫০২), জাতীয় রাজস্ব বোর্ড। |
| তারিখ ও সময় | : ০৩ নভেম্বর ২০২৫, সকাল ০৯.০০ টা। |
| সভাপতি | : জনাব মোঃ আবদুর রহমান খান, এফসিএমএ,<br>সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। |

০২। ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০২৫ উদযাপন উপলক্ষে গঠিত কেন্দ্রীয় স্টিয়ারিং কমিটির একটি সভা জনাব মোঃ আবদুর রহমান খান, এফসিএমএ, সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা এর সভাপতিত্বে জাতীয় রাজস্ব বোর্ডের সম্মেলন কক্ষে ০৩ নভেম্বর ২০২৫, সকাল ০৯.০০ টায় অনুষ্ঠিত হয়। উক্ত সভায় উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো। সভায় সদস্য (মূসক বাস্তবায়ন ও আইটি), বর্তমান বছরের ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ পালনকালে গৃহিতব্য কতিপয় বিষয় আলোচনার জন্য উত্থাপন করেন। উপস্থিত সকল সদস্যদের অংশগ্রহনে, বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে কতিপয় সিদ্ধান্ত গৃহীত হয়; যা নিম্নরূপ:

| ক্র: নং: | আলোচনার বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১ | ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০২৫ এর কেন্দ্রীয় মূল অনুষ্ঠান ও সেমিনারস্থল এবং অতিথিসংখ্যা। | আনুমানিক ৫০০ জন অতিথি/কর্মকর্তার উপস্থিতিতে জাতীয় রাজস্ব বোর্ডের মাল্টিপারপাস হলে অনুষ্ঠিত হবে। | সকল উপ-কমিটি। |
| ২ | সর্বোচ্চ ভ্যাট প্রদানকারীগণকে সম্মাননা প্রদান। | সর্বোচ্চ ভ্যাট প্রদানকারীগণকে সম্মাননা প্রদান করা হবে না। | |
| ৩ | ক. স্টিয়ারিং কমিটির সদস্য অন্তর্ভূক্তিকরণ। | ক. চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, মহোদয়, সদস্য, বোর্ড প্রশাসন'কে স্টিয়ারিং কমিটির সদস্য হিসাবে অন্তর্ভূক্তির নির্দেশনা প্রদান করেন। | ক. ভ্যাট বাস্তবায়ন ও আইটি অনুবিভাগ। |
| | খ. উদযাপনের বাজেট বরাদ্দ প্রদান। | খ. বিগত বছরের ন্যায়/সমপরিমাণ বাজেট বরাদ্দ প্রদান করা হবে। | খ. বোর্ড প্রশাসন। |
| ৪ | Keynote Paper | Keynote Paper কেন্দ্রিয়ভাবে প্রস্তুত করে সকল কমিশনারেটে প্রেরণ করা হবে; উক্ত Keynote Paper স্ব স্ব দপ্তরে অনুষ্ঠেয় সেমিনারে উপস্থাপন করতে হবে। বাস্তবতার আলোকে Keynote Paper প্রস্তুত করতে হবে। | ক. কী-নোট পেপার প্রস্তুতকরণ উপ-কমিটি।<br>খ. জনাব মোহাম্মদ ফাইজুর রহমান, কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহী। |
| ৫ | সেমিনার কার্যক্রমের সময়ব্যাপ্তি। | সম্ভাব্য সকাল ১০:০০ টায় শুরু করে দুপুর ১২:০০ টার মধ্যে শেষ করা হবে। | সকল উপ-কমিটি। |
| ৬ | ভ্যাট দিবসের আপ্যায়ন। | দুপুরের মধ্যাহ্নভোজ প্যাকেট আকারে প্রদান/পরিবেশন করা হবে। | আপ্যায়ন উপ-কমিটি। |



CamScanner

| | | | |
|---|---|---|---|
| ৭ | উপহার সামগ্রী ও স্মরণিকা। | কোনো ধরনের উপহার সামগ্রী প্রস্তুত ও স্মরণিকা প্রকাশ করা হবে না। | |
| ৮ | ক্রোড়পত্র। | ক্রোড়পত্র প্রস্তুত করে জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে প্রকাশ করা হবে। আলাদা করে কোন পত্রিকায় প্রকাশ করা হবে না। পূর্বের ন্যায় মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকাকে আহবায়ক করে ক্রোড়পত্র উপ-কমিটি গঠনের নির্দেশনা প্রদান করা হয়। আহবায়ক আলাদা আদেশ জারি করে কমিটির অন্যান্য সদস্যগণকে কো-অপ্ট করবেন। | জনাব একেএম নুরুল হুদা আজাদ, মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা। |
| ৯ | টিভিসি/বিজ্ঞাপন। | দ্রুততম সময়ের মধ্যে নতুন দুইটি টিভিসি/বিজ্ঞাপন নির্মাণ ও ব্যাপক প্রচার করা হবে। বিগত বছরে নির্মিত টিভিসি/বিজ্ঞাপনগুলো বছরব্যাপী সম্প্রচারের উদ্যোগ গ্রহণ করতে হবে। | ব্যানার, বিলবোর্ড, ফেস্টুন ও প্ল্যাকার্ড উপ-কমিটি। |
| ১০ | টক-শো আয়োজন ও সংবাদ সম্মেলন। | ভ্যাট সপ্তাহব্যাপী টক-শো আয়োজনের উদ্যোগ গ্রহণ করতে হবে। কেন্দ্রিয়ভাবে সংবাদ সম্মেলন করা হবে এবং প্রেস রিলিজ প্রদান করা হবে। | টক-শো আয়োজন উপ-কমিটি। |
| ১১ | ভ্যাট সংক্রান্ত প্রচারণামূলক এসএমএস। | গণসচেতনতা বৃদ্ধির জন্য মোবাইল অপারেটরদের মাধ্যমে ভ্যাট সংক্রান্ত প্রচারণামূলক এসএমএস পাঠানো হবে। | পোস্টার ও স্টিকার তৈরি ও বিতরণ উপ-কমিটি। |
| ১২ | ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০২৫ এর প্রতিপাদ্য। | ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০২৫ এর প্রতিপাদ্য ভ্যাট কমিশনারেটসমূহ থেকে নির্বাচিত/সংগৃহীত স্লোগানসমূহ থেকে নির্বাচন করা হবে। 'সময়মত নিবন্ধন নিব, সঠিকভাবে ভ্যাট দিব' বক্তব্যকে কেন্দ্র করে মূল প্রতিপাদ্য নির্ধারণ করা হবে। | পোস্টার ও স্টিকার তৈরি ও বিতরণ উপ-কমিটি। |
| ১৩ | আলোকসজ্জা। | আলোকসজ্জা করা হবে না। | |
| ১৪ | আঞ্চলিক পর্যায়ে উদযাপন। | কেন্দ্রিয়/জাতীয় উদযাপনের ন্যায় নিজস্ব ব্যবস্থাপনায় সার্বিক পরিস্থিতি বিবেচনায় নিয়ে উদযাপন ও প্রদেয় বাজেট বরাদ্দ হতে প্রয়োজনীয় ব্যয়ভার নির্বাহ করতে হবে। | সকল আঞ্চলিক কমিটি। |

০৩। পরিশেষে, সভাপতি মহোদয় নতুন ভ্যাট নিবন্ধন কার্যক্রমে জনগনের সচেতনতা বৃদ্ধিকল্পে সকলকে ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০২৫ যথাযথ মর্যাদা ও গুরুত্বসহকারে বিভিন্ন জনপ্রিয় মাধ্যমে ভ্যাট বিষয়ক ব্যাপক ফলপ্রসু প্রচারণার নির্দেশনা প্রদান করেন। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ

জনাব মোঃ আব্দুর রহমান খান, এফসিএমএ,
সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
ও
চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা



CamScanner

নথি নং-০৮.০১.০০০০.০৭৬.১৬.০০৬.২০২০(অংশ-১)/৪১৫ তারিখ: ০৪/১১/২০২৫

<u>অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১. সদস্য (সকল) কাস্টমস ও ভ্যাট, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
২. সদস্য (কর নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৩. সদস্য (বোর্ড প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৪. প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও মূসক আপিলাত ট্রাইব্যুনাল, রাজস্ব ভবন, আগারগাঁও, ঢাকা।
৫. কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর/দক্ষিণ/পূর্ব/পশ্চিম)/চট্টগ্রাম/কুমিল্লা/যশোর/খুলনা/রাজশাহী/ সিলেট/রংপুর/বৃহৎ করদাতা ইউনিট (মূসক), ঢাকা।
৬. কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর/দক্ষিণ)/চট্টগ্রাম।
৭. কমিশনার, কাস্টমস হাউস, ঢাকা/ আইসিডি (কমলাপুর)/চট্টগ্রাম/মোংলা/পানগাঁও/ বেনাপোল, যশোর।
৮. মহাপরিচালক, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, সাগরিকা রোড, পাহাড়তলী, চট্টগ্রাম।
৯. মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।
১০. মহাপরিচালক, মূসক নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।
১১. মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা।
১২. মহাপরিচালক, গবেষণা ও পরিসংখ্যান অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১৩. কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।
১৪. কমিশনার, কাস্টমস রিস্ক ম্যানেজমেন্ট কমিশনারেট, ঢাকা।
১৫. কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপিল) কমিশনারেট, চট্টগ্রাম/খুলনা/ ঢাকা-১/২, ঢাকা।
১৬. প্রকল্প পরিচালক, ন্যাশনাল সিঙ্গেল উইন্ডো প্রকল্প, ঢাকা।
১৭. প্রকল্প পরিচালক, বন্ড ব্যবস্থাপনা স্বয়ংক্রিয়করণ প্রকল্প, ঢাকা।
১৮. সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [পত্রটি জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ]।
১৯. একান্ত সচিব, চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২০. জনসংযোগ কর্মকর্তা, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

০৪/১১/২৫

প্রণয় চাকমা
দ্বিতীয় সচিব
ভ্যাট করদাতা সেবা



CS CamScanner